তারিখ ... 21 SEP 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

প্রথমবারের মতো নিজ ভাষায়

# মারমা, চাকমা গারো, শার্দ্রে ককবরক শিশুদের জন্য পাঠ্যবই

নিজস্ব বার্তা পরিবেশক

প্রথমবারের মতো মারমা, চাকমা, গারো, শার্দ্রে ও ককবরক শিশুদের জন্য নিজ নিজ ভাষায় পাঠ্যবই মুদ্রণ করা হচ্ছে। পাঁচ সম্প্রদায়ের ২৪ হাজার ৬৪১ জন শিশুর জন্য নতুন শিক্ষাবর্ষে প্রাক-প্রাথমিক স্তরের ৫১ হাজার ৭৮২ কপি বই মুদ্রণ করা হচ্ছে। এছাড়া দৃষ্টিপ্রতিবন্ধী শিশুদের জন্যও ব্রেইল পাঠ্যপুস্তক ছাপানো হচ্ছে।

পাঠ্যবই ছাড়াও মারমা, চাকমা, গারো, শার্দ্রে ও ককবরক শিশুদের মধ্যে ২৫ হাজার ৫০০টি টিচিং ম্যাটারিয়াল বা শিক্ষা উপকরণ বিশেষ করে ফ্লিপ চার্ট, ফ্ল্যাশ, কার্ড, স্বরবর্ণ ও ব্যাঞ্জনবর্ণ চার্ট বিনামূল্যে বিতরণ করবে সরকার।

এ ব্যাপারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) চেয়ারম্যান প্রফেসর নারায়ণ চন্দ্র সাহা সংবাদকে বলেন, 'মারমা, চাকমা, গারো, শার্দ্রে ও ককবরক শিশুদের মধ্যে মাতৃভাষার চর্চা ধরে রাখা ও ভাষা টিকিয়ে রাখা এবং দেশের সকল সম্প্রদায়ের ছেলেমেয়েকে শিক্ষার আওতায় আনতেই এই উদ্যোগ নেয়া হয়েছে। এর মাধ্যমে সকল সম্প্রদায়ের শিশু শিশুদের : পৃষ্ঠা : ১৫ ক : ৩

## শিশুদের : জন্য পাঠ্যবই

(১ম পৃষ্ঠার পর)

একমুখী শিক্ষার আওতায়ও আসবে।' তিনি জানান, 'মারমা, চাকমা, গারো, শার্দ্রে ও ককবরক গোষ্ঠীর অনেক লিপি হারিয়ে যাচ্ছিল। তাদের মাতৃভাষায় বই মুদ্রণের ফলে হারিয়ে যাওয়া লিপি উদ্ধার হবে, সুরক্ষা পাবে।'